



নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.৩৮.০০১.১৯.১৮৫

তারিখ : ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর ২০২২

২১তম চারুকলা প্রদর্শনী ২০২২-এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সিলেট জেলা শিল্পকলা একাডেমির চারুকলা শিশু ও সাধারণ বিভাগের প্রশিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭ - ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে একাডেমির চিত্রশালায় ৫ দিনব্যাপী ২১তম বার্ষিক চারুকলা প্রদর্শনী ২০২২ অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য চারুকলা প্রদর্শনীতে নিম্নবর্ণিত নীতিমালার আলোকে অত্র একাডেমির চারুকলা বিভাগের (শিশু ও সাধারণ) সকল প্রশিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবেন।

নীতিমালা

এক : প্রদর্শনীতে যে সকল শিল্পকর্ম স্থান পাবে

চিত্রকলা : তেলরং, অ্যাক্রেলিক, জলরং, কোলাজ, রংপেন্সিল, প্যাস্টেল, পেন্সিল/ পেন (স্কেচ) ও মিশ্রমাধ্যম।

দুই : প্রদর্শনীতে অংশগ্রহণের সাধারণ নিয়মাবলী

ক. একজন প্রশিক্ষার্থীর ১টি শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান পাবে। মানসম্পন্ন শিল্পকর্ম পাওয়া গেলে একজন প্রশিক্ষার্থীর একাধিক শিল্পকর্ম প্রদর্শনীতে স্থান প্রাপ্তির জন্য বিবেচিত হতে পারে তবে মানসম্পন্ন শিল্পকর্ম পাওয়া না গেলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

খ. শিল্পকর্মের মাপ কাগজের ক্ষেত্রে ১১ ইঞ্চি × ১৬ ইঞ্চি এবং ক্যানভাসের ক্ষেত্রে সর্বোচ্চ ২৪ ইঞ্চি × ২৪ ইঞ্চি মাপের হতে হবে।

গ. ইতোপূর্বে সিলেট জেলা শিল্পকলা একাডেমির প্রদর্শনীতে প্রদর্শিত শিল্পকর্ম এ প্রদর্শনীতে গ্রহণযোগ্য হবে না।

ঘ. অংশগ্রহণকারীর এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ শিল্পকর্মের শিরোনাম ও মাধ্যম এবং প্রশিক্ষার্থীর নাম, বর্ষ ও মোবাইল নাম্বার অন্য একটি কাগজে লিখে দিতে হবে।

ঙ. বিক্রির জন্য হলে শিল্পকর্মের মূল্য কথায় ও অংকে লিখতে হবে।

চ. শিল্পকর্মটি আগামী ৪ ডিসেম্বর ২০২২, রবিবার, বিকাল ৫টার মধ্যে জেলা শিল্পকলা একাডেমিতে জমা দিতে হবে।
নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন শিল্পকর্ম জমা নেওয়া হবে না।

ছ. শিল্পকর্ম নির্বাচন কমিটি কর্তৃক শিল্পকর্ম নির্বাচন কাজ সম্পন্ন হওয়ার পর ৭ ডিসেম্বর ২০২২, বুধবার দুপুর ২টায় নির্বাচিত শিল্পকর্মের তালিকা শিল্পীর নামসহ জেলা শিল্পকলা একাডেমির নোটিশ বোর্ড ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করা হবে।

জ. নির্বাচিত মূল শিল্পকর্মটি প্রদর্শনের উপযোগী করে নিজ দায়িত্বে বীধাই পূর্বক (জেলা শিল্পকলা একাডেমি কর্তৃক নির্ধারিত ফ্রেম, সাইজ ও ডিজাইন অবশ্যই অনুসরণ করতে হবে) ৮ থেকে ১৫ ডিসেম্বর ২০২২, বৃহস্পতিবার বিকাল ৫টার মধ্যে জেলা শিল্পকলা একাডেমিতে জমা দিতে হবে।

ঝ. প্রদর্শনীর জন্য জমাকৃত কোনো চিত্রকর্ম ক্ষতিগ্রস্ত হলে একাডেমি তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না। তবে কোন প্রকার ক্ষতি যাতে না হয় সে বিষয়ে পূর্ণ সতর্কতা অবলম্বন করা হবে।

ঞ. প্রদর্শনীর সমাপ্তির ১০ দিনের মধ্যে অংশগ্রহণকারী শিল্পীদেরকে শিল্পকলা একাডেমি থেকে তাঁদের শিল্পকর্ম নিজ দায়িত্বে ফেরৎ নিয়ে যেতে হবে। এই সময়সীমার পর শিল্পকর্মের কোন ক্ষতি হলে এ ব্যাপারে শিল্পকলা একাডেমির কোন দায়-দায়িত্ব থাকবে না।

তিন : পুরস্কার প্রদান সংক্রান্ত নিয়মাবলী

প্রদর্শনীতে স্থানপ্রাপ্ত সকল মাধ্যমের শিল্পকর্মের মধ্য থেকে ১টি 'প্রদর্শনী শ্রেষ্ঠ পুরস্কার' এবং সাধারণ বিভাগ ও শিশু বিভাগে প্রতি বর্ষের জন্য ১ জন করে মোট ৫টি বর্ষ শ্রেষ্ঠ পুরস্কার প্রদান করা হবে।

চার : কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত

প্রদর্শনীর জন্য শিল্পকর্ম নির্বাচন এবং সকল পুরস্কার নির্বাচনের ব্যাপারে জেলা শিল্পকলা একাডেমি কর্তৃক গঠিত শিল্পকর্ম নির্বাচন ও পুরস্কার বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

পাঁচ : প্রয়োজনীয় যোগাযোগ

বিস্তারিত তথ্যাদি ও প্রদর্শনী সংক্রান্ত সকল প্রকার যোগাযোগ জেলা শিল্পকলা একাডেমি অফিসে অথবা ০১৭১৯-৬৪৬২০৮ এই ফোন নম্বরে করা যাবে।


(অসিত বরন দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট

ফোন : ০২৯৯৬৬৩৪৮২৮
sylhet@shilpakala.gov.bd